



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd



নম্বর: ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০১.২২.৮০

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯

১১ মে ২০২২

পরিপত্র

বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২২ মৌসুমে ধান ও চাল সংগ্রহ বিষয়ক নির্দেশনা।

অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২২ মৌসুমে ইতোমধ্যে ৬.৫০ লাখ মে.টন ধান ও ১১.০০ লাখ মে.টন সিঙ্গ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারি বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। বোরো সংগ্রহ ২০২২ মৌসুমে ধান ও চাল সংগ্রহ সফল করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। ধান সংগ্রহের ক্ষেত্রে অবিলম্বে জেলা ও উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা সম্পন্ন করতে হবে। কৃষকের অ্যাপের বাইরের উপজেলাসমূহে লটারি করে ধান সংগ্রহ দুত শুরু ও শেষ করতে হবে। কৃষকের অ্যাপড়ুক্ত উপজেলাসমূহে রেজিস্ট্রেশন দুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচনপূর্বক দুত ধান সংগ্রহ করতে হবে;

২। ধান সংগ্রহের বার্তাটি মাইকিং, লিফলেট বিতরণ, স্থানীয় কেবল টিভি স্ক্রলে প্রদর্শনের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩। যেহেতু চলমান চাল সংগ্রহ মৌসুমে মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অপেক্ষা বরাদ্দ কম তাই ৩০ জুন ২০২২ এর মধ্যে ৭০%, জুলাই ২০২২ এর মধ্যে ৯০% এবং আগস্ট ২০২২ এর মধ্যে ১০০% চাল সংগ্রহ সম্পন্ন করার জন্য (তারিখ, পরিমাণ, সময়ভিত্তিক (period) সিডিউল প্রস্তুতপূর্বক) জেলা, উপজেলা ও গুদামভিত্তিক রোডম্যাপ তৈরি করে সে অনুযায়ী সংগ্রহ সম্পন্ন করতে হবে;

৪। সংগৃহীত চালের প্রতিটি বস্তায় সর্বশেষ নির্দেশনা অনুযায়ী স্টেনসিল প্রদান নিশ্চিত করতে হবে;

৫। ১৬.০৫.২০২২ খ্রি. তারিখের মধ্যে চাল সংগ্রহের জন্য মিলারদের সাথে চুক্তি সম্পন্ন করতে হবে। চুক্তি সম্পাদনের মেয়াদ কোনোক্রমে বাড়ানো হবে না। চুক্তি সম্পন্ন হওয়ার পরপরই মিলারদের অনুকূলে চুক্তিকৃত পরিমাণ চালের বরাদ্দপত্র ইস্যুকরত সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুলিপি প্রদানপূর্বক স্ব স্ব জেলার ওয়েবসাইট/ওয়েব পোর্টাল এ প্রকাশ করতে হবে;

৬। ধান ও চাল সংগ্রহ কার্যক্রম যুগপ্রভাবে বাস্তবায়ন ও অরাধিত করতে হবে;

৭। বিনির্দেশসম্মত ধান ও চাল সংগ্রহের জন্য অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসারে ২০২২ সালে উৎপাদিত বোরো ধান ও চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৮। খাদ্য গুদামসমূহে কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। কৃষক যেন কোনোক্রমেই হয়রানির শিকার না হয় তা

নিশ্চিত করতে হবে;

৯। গুদামে স্থান সংকুলান না হলে চলাচলসূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্ব স্ব অধিক্ষেত্রে বিধিমোতাবেক স্থান সৃষ্টির লক্ষ্যে চলাচল সূচি জারি করবেন;

১০। ধান সংগ্রহ কার্যক্রমে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের নিবিড় মনিটরিং অব্যাহত রাখতে হবে;

১১। প্রতিদিন বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর থেকে ধান ও চাল সংগ্রহের তথ্য ই-মেইলে খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

১২। জাতীয়ভাবে ২৮.০৮.২০২২ খ্রি. তারিখে একযোগে সারাদেশে ৮ বিভাগে ধান ও চাল সংগ্রহের শুভ উদ্বোধন করায় স্থানীয়ভাবে পুনরায় কোনো আনুষ্ঠানিকতার অজুহাতে কোনোক্রমেই সংগ্রহ কার্যক্রম বিলম্বিত করা যাবে না;

১৩। খাদ্য মন্ত্রণালয়ের ১৯.০৮.২০২২ খ্রি. তারিখের ৭২ নম্বর স্মারক ও ২৮.০৮.২০২২খ্রি. তারিখের ৭৪ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক জিংকসমৃদ্ধ ধান ও চাল সংগ্রহ করতে হবে। সংগৃহীত জিংকসমৃদ্ধ ধান ও চাল পৃথকভাবে খামাল গঠন করতে হবে।



১১-৫-২০২২

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম

সচিব

ফোন: +৮৮০২৫৫১০০০৮

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল:

secretary@mofood.gov.bd

বিতরণ:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ৫) অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৬) মহাপরিচালক, মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়
- ৭) জেলা প্রশাসক (সকল)
- ৮) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.১০৩

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।



১৩-৫-২০২২

মোঃ রায়হানুল করীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮২৯.২২.১০৩/১(১৩)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯

১২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্য মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫) সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রিটি খাদ্য অধিদপ্তরের ওয়েসবাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



১৩-৫-২০২২

মোঃ রায়হানুল করীর

পরিচালক